মেহেরপুরে পুলিশের অভিযানে ৭ জন গ্রেফতার

মেহেরপুর জেলা পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ও বিভিন্ন মামলার ৭ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলার ৪ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২ আসামি ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ১ আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল শনিবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেছেন।

আজ রবিবার (৩০ জুলাই) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে জামায়াতের ১০ নেতা কর্মী গ্রেফতার, ককটেল উদ্ধার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে বিস্ফোরকদ্রব্য আইনে দায়ের করা মামলায় জামায়াতের ১০ নেতা কর্মী গ্রেফতার হয়েছে। এসময় তাদের কাছ থেকে ৩ টি ককটেল ও দলীয় বই, লিপলেট উদ্ধার করা হয়েছে।

এরা হলেন, গাংনী উপজেলার গোপালনগর গ্রামের নুরুল ইসলামের ছেলে মনোয়ার হোসেন (৪০), গাংনী পৌর এলাকার শিশিরপাড়া গ্রামের মৃত আখছেদ আলীর ছেলে আব্দুস সাত্তার (৬০), জুগিন্দা গ্রামের মোবারক

হোসেনের ছেলে গোলাম মোস্তফা (৫০), রাজাপুর গ্রামের হাউস আলীর ছেলে জাকারিয়া হোসেন (৪০), বাঁশবাড়িয়া গ্রামের আবুবক্কর সিদ্দিকের ছেলে সোহেল রানা (৪০), সানঘাট গ্রামের তোয়াজ মন্ডলের ছেলে আকছেদ আলী (৬৫), ধানখোলা গ্রামের আসমত আলীর ছেলে জামাল উদ্দীন (৬৪), ধানখোলা গ্রামের মাঝপাড়া এলাকার রইছদ্দিনের ছেলে আব্দুল হান্নান (৬০), রাজাপুর গ্রামের মৃত ওমর উল্লার ছেলে আব্দুল ওয়াদুদ(৫৫) ও তেঁতুলবাড়িয়া গ্রামের সিরাজুল ইসলামের ছেলে মনিরুল ইসলাম (৪৫)।

গাংনী থানার পৃথক পুলিশের টিম শনিবার দিবাগত রাতভর আজ রবিবার (৩০ জুলাই) ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে অভিযান চালিয়ে জামায়াতের এসব নেতা কর্মীকে গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, আসামিদের বিরুদ্ধে বিস্ফোরক দ্রব্য আইনে মামলা নং ৪৩(৭)২৩ এর আসামি। ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৫(৩)(২৫) ডি তৎসহ ১৯০৮ সালের বিস্ফোরক আইনের ৪/৬ ধারায় মামলা দায়ের করা হয়েছে।

ওসি আব্দুর রাজ্জাক বলেন, আসামিদের বিরুদ্ধে নাশকতা ও বিস্ফোরক দ্রব্য আইনে মামলা থাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃতদের আজ রবিবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে সাংবাদিকদের হুমকি ও লাঞ্ছিত করার প্রতিবাদে

মানববন্ধন

স্থানীয় দৈনিক মেহেরপুর প্রতিদিনের সম্পাদককে হুমকি, ব্যবস্থাপনা সম্পাদকের বিরুদ্ধে মিথ্যা চাঁদাবাজির অভিযোগ, দৈনিক জবাবদিহি ও আমাদের অর্থনীতির সাংবাদিকদ্বয়কে লাঞ্ছিত করার ঘটনায় তীব্র প্রতিবাদ ও মায়ের হাসি ক্লিনিক মালিকের বিচার দাবীতে মানববন্ধন করেছেন জেলা সাংবাদিকরা।

রবিবার সকাল সাড়ে ১০টা থেকে ঘন্টাব্যাপী মেহেরপুর জেলা প্রশাসকের অফিসের সামনের সড়কে সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযমের নেতৃত্বে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে জেলায় কর্মরত বিভিন্ন গণমাধ্যমের অর্ধশত সাংবাদিক ও প্রজন্ম সুশীল সমাজের ব্যানারে একটি সংগঠনের সদস্যরা অংশ নেন।

মানববন্ধনে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন, সিনিয়র সাংবাদিক মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি ইত্তেফাক প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম, গাংনী প্রেসক্লাবের সাবেক সভাপতি হারুন অর রশিদ রবি, মাইটিভির গাংনী প্রতিনিধি মাসুদ রেজা, জবাবদিহির পত্রিকার প্রতিনিধি এ সিদ্দিকী শাহিন, আমাদের অর্থনীতির প্রতিনিধি মাসুদ রানা, প্রজন্ম সুশীল সমাজের প্রতিনিধি জি এফ জুয়েল, মাইটিভি প্রতিনিধি মাসুদ রানা, বার্তা মেহেরপুর প্রতিনিধি সাজিবুল হক প্রমুখ।
মানববন্ধনে বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, বাংলাটিভি প্রতিনিধি আক্তারুজ্জামান, ভোরের কাগজ প্রতিনিধি মর্তুজা ফারুক রুপক, জবাবদিহি প্রতিনিধি সিরাজুদ্দোজা পাভেল, আজকালের খবর প্রতিনিধি কামরুল ইসলাম, ভোরের কাগজের মুজিবনগর প্রতিনিধি শের খান, বার্তা মেহেরপুরের সম্পাদক রাশেদ্জ্জুামান, অধিকার প্রতিনিধি শাকিল রেজা, মেহেরপুর প্রতিদিনের স্টাফ রিপোর্টার শহিদুল ইসলাম, আবু রাইহান, কাথুলী প্রতিনিধি পলাশ আহমেদ, আঞ্চলিক প্রতিনিধি এস এম তারেক, সাংবাদিক শ্রাবন খান সোহানসহ অর্ধশতাধিক সাংবাদিক মানববন্ধনে অংশ নেন।

বক্তারা বলেন, সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতু একজন দুর্নীতি পরায়ন ও ক্ষমতালিপ্সু ব্যক্তি। তার বিরুদ্ধে দুদকের দায়ের করা দুর্নীতির মামলাসহ দেড় ডজন মামলা চলমান। এখনো আদালতে চলমান। কথায় কথায় মানুষকে হুমকী প্রদান ও মামলা করা মতুর প্রধান কাজ। এজন্য এই শহরে তাকে মামলাবাজ মতু হিসেবেই চেনে। সে মেয়র নির্বাচিত হয়ে পৌরসভার সীমানা নির্ধারণী মামলা করে একটানা ১৪ বছর পৌরসভার ক্ষমতায় আসীন ছিলেন। তার উগ্র আচরণ মানুষকে সব সময় আহত করে। তার বিরুদ্ধে জামায়াতের নেতাকর্মীদের মদদ দেওয়ারও অভিযোগ আছে।

প্রজন্ম সুশীল সমাজের প্রতিনিধি জি এফ জুয়েল বলেন, সাবেক মেয়র মতুর মেয়ে রুমানা হেলালী মাতৃসদনের ডাক্তার। সে কৌশলে রোগী ভাগিয়ে নিয়ে মায়ের হাসি ক্লিনিকে নিয়ে গিয়ে সিজার করেন। মেহেরপুরের ক্লিনিকগুলো যত সিজার হয়না, তার থেকে বেশি সিজা মায়ের হাসি ক্লিনিকে হয়। অবিলম্বে রুমানা হেলালীকে অপসারণ করতে হবে।

সিনিয়র সাংবাদিক ও মানবাধিকার কর্মী রফিকুল আলম বলেন, সাংবাদিকদের সাথে যে ঘটনা মোতাচ্ছিম বিল্লাহ মতু ঘটিয়েছেন তার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

ইত্তেফাকের গাংনী উপজেলা প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম বলেন, মায়ের হাসি ক্লিনিক নামে যে ক্লিনিক আছে সেখানে নানা অপকর্ম হওয়ার অভিযোগ আছে। মায়ের হাসি ক্লিনিকের নাম মায়ের হাসি বাদ দিয়ে মায়ের কান্না নাম দিলেই ভালো হয়। মায়ের হাসি ক্লিনিকের মালিক ১৪/১৫ বছর একটি পৌরসভার মেয়র ছিলেন। তার এ ধরণের উগ্র আচরণ করা ঠিক নয়। সাংবাদিকরা নিউজের স্বার্থে ছবি তুলতেই পারে

এটি তাদের কাজ।

সিনিয়র সাংবাদিক হারুন অর রশিদ রবি বলেন, মেয়র মতু ১৪ বছর মেয়রগিরি করেছেন মামলাবাজি করে। উনাকে আমি মামলাবাজ হিসেবেই চিনি। আজ আমি উদাত্ত আহবান জানাই, তিনি মেয়র হওয়ার আগে কি পরিমাণ সম্পদের মালিক ছিলেন এবং মেয়র হওয়ার পর কি পরিমাণ সম্পদের মালিক হয়েছে তার হিসাব নেওয়ার জন্য।

মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ও কালের কণ্ঠ প্রতিনিধি ইয়াদুল মোমিন বলেন, মোতাচ্ছিম বিল্লাহ মতু আপনাকে বলছি, কোন দুর্নীতিবাজ হুমকি দিয়ে সাংবাদিকের কলম থামাতে পারেনি। আপনিও পারবেন না। আপনার সকল অপকর্মের কথা মেহেরপুরের সকলে জানে। আপনার সম্পর্কে পত্রিকার মাধ্যমে মেহেরপুর মানুষ আরো জানবে।

মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু বলেন, কেউই আইনের উর্ধ্বে নয়, আমি অন্যায় করলে আমার তদন্ত করে বিচারের আওতায় আনা হোক। ঠিক তেমনি মোতাচ্ছিম বিল্লাহ মতু আপনিও আইনের উর্ধ্বে নয়। তিনি দুদকের প্রতি আহবান জানিয়ে বলেন, আমারসহ সকল সাংবাদিকের সম্পদের হিসাব নেওয়ার আহবান জানান দুদকের প্রতি। একই সঙ্গে সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতু ও তার পরিবারের সদস্যদের সম্পদের হিসাব নেওয়ার আহবান জানান তিনি।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযম বলেন, মেহেরপুরে অসংখ্যা সাংবাদিকদের মধ্যে যারা মানববন্ধনে আসতে পারেননি তাদের ধন্যবাদ। আপনারা সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতুর কাছে থেকে সুবিধা পেয়ে থাকেন সেটা আজ প্রমাণ করে দিলেন।

মেহেরপুরে জেলা যুবলীগের একাংশের লিফলেট বিতরণ

সরকারের উন্নয়ন ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের মেহেরপুরে উন্নয়নের চিত্র তুলে ধরতে মেহেরপুরে জেলা যুবলীগের একাংশের লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার ২৯ জুলাই বিকালে সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের সোনাপুর গ্রামে জনসাধারণের মাঝে এ লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুলের নেতৃত্বে লিফলেট বিতরণে অংশ নেন সদর উপজেলা যুবলীগের সভাপতি মোহাম্মদ আনোয়ার হোসেন আনু, শহর যুবলীগের সভাপতি শেখ কামাল,সাধারণ সম্পাদক তৌহিদুল ইসলাম,যুবলীগ নেতা নাসির আহমেদ, পিরোজপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি ও ইউপি সদস্য ইসকান্দার মাহবুদ বিপ্লব, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি মোঃ কুতুব উদ্দিন বিশ্বাস প্রমুখ।

গাংনীতে ছাত্রলীগের বিক্ষোভ মিছিল

ঢাকাসহ সারাদেশে বিএনপি ও জামায়াতের নৈরাজ্যের প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রলীগের গাংনী উপজেলা শাখা।

আজ শনিবার (২৯ জুলাই) বিকেল ৫ টার দিকে গাংনী উপজেলা শহরে এই বিক্ষোভ মিছিল করা হয়।

মিছিলে নেতৃত্ব প্রদান করেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল।

এসময় উপস্থিত ছিলেন গাংনী ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম হোসেনসহ ছাত্রলীগের নেতৃবৃন্দ।

গাংনীতে পুলিশের মহড়া অনুষ্ঠিত

ঢাকাসহ সারাদেশে বিএনপি ও জামায়াতের নৈরাজ্যে প্রতিহত করতে গাংনী উপজেলা শহরে থানা পুলিশের আয়োজনে সতর্কতামূলক ব্যাপক মহড়া অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২৯ জুলাই) বিকেল ৫ টার দিকে গাংনী উপজেলা শহরসহ বিভিন্ন এলাকায় এই মহড়া অনুষ্ঠিত হয়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাকের নেতৃত্ব পুলিশের একাধিকদলে বিভক্ত হয়ে এই মহড়া দেওয়া হয়।

মহড়াটি গাংনী থানা থেকে শুরু করে বড় বাজার, থেকে বাঁশবাড়িয়া, গাংনী পূর্ব মালশাদহ ও পশ্চিম মালশাদহ হয়ে গাংনী উপজেলা শহরের বিভিন্ন অলি গলিতে দেওয়া হয়। পরে গাংনী বড় বাজার শহীদ রেজাউল চত্তরে এসে জড়ো হয়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ঢাকাতে বিএনপির মহাসমাবেশ ও আজকের অবস্থান ধর্মঘটের কারনে মানুষের মধ্যে এক ধরনের ভীতি তৈরী হয়েছে। মানুষের মধ্যেকার সেই ভীতি দুর করতেই পুলিশের মহড়ার এই আয়োজন। মানুষকে জানান দেওয়া পুলিশ সব সময় তাদের পাশে আছেন। কোনো রকম ভয় পাওয়ার কিছু নেই।

গাংনীতে ব্যবসায়ী উপর সন্ত্রাসী হামলার বিচারের দাবীতে মানববন্ধন

গাংনীতে ফার্নিচার ব্যবসায়ী রতন আলীর উপর সন্ত্রাসী হামলার ঘটনায় দোষীদের গ্রেফতার ও বিচারের দাবীতে মানব বন্ধন করেছে এলাকাবাসী।

আজ শনিবার (২৯ জুলাই) বিকালে গাংনী উপজেলার ছাতিয়ান বাজার বাসষ্ট্যান্ডে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।
মানববন্ধনে বক্তারা বলেন, গত ১৯ তারিখ সকাল ৯ টায় বাড়ি থেকে বামন্দী বাজারে যাওয়ার সময় হাওড়াপাড়া নামক স্থানে

একদল সন্ত্রাসী ফার্নিচার ব্যবসায়ী রতন আলীর মোটরসাইকেল রোধ করে দেশীয় অস্ত্র রড,হাতুড়ী দিয়ে নির্মম ভাবে পিটিয়ে রতনের দুই পা এবং হাত ভেঙ্গে দেয়। সেই সাথে তার সাথে থাকা চার লাখ টাকা ছিনিয়ে নেয়। বর্তমানে রতন ঢাকা পঙ্গু হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

এ ঘটনায় রতনের চাচা হামিদুল ইসলাম বাদী হয়ে ৫ এজাহার নামীয় সহ অজ্ঞাত ৪/৫জন কে আসামী করে গাংনী থানায় একটি মামলা দায়ের করে। মামলা নং ৩০ তাং ১৯.০৭.২০২৩ ইং।

মামলার ১ নং আসামী ছাতিয়ান গ্রামের আছেল উদ্দীনের ছেলে মুদিও ব্যবসায়ী রতন মিয়াকে গ্রেফতার করলেও অন্য আসামীরা রয়েছে ধরা ছোয়ার বাইরে। মানববন্ধনে বাকি আসামীদের দ্রুত গ্রেফতার ও বিচারের জোর দাবী জানান বক্তারা।

প্রাকৃতিক দুর্যোগ সামাল দিতে

বৃক্ষের কোনো বিকল্প নেই - জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, প্রাকৃতিক দুর্যোগ সামাল দিতে বৃক্ষের কোনো বিকল্প নেই। আমাদের বেশি বেশি করে বৃক্ষ রোপন করতে হবে। কারণ, বৃক্ষ আমাদের পরম বন্ধু। বৃক্ষ আমাদের সম্পদ, আগামী দিনের সুদূঢ়হ অর্থনৈতিক ভীত।

মেহেরপুরে বৃক্ষ অভিযান ও বৃক্ষ মেলা উদ্বোধন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

আজ শনিবার (২৯ জুলাই) মেহেরপুর জেলা প্রশাসকের অফিস চত্ত্বরে ৭ দিন ব্যাপি এই বৃক্ষ মেলার আয়োজন করা হয়েছে। মেহেরপুর জেলা প্রশাসন ও বন বিভাগ এ মেলার আয়োজন করে। সপ্তাহব্যাপী চলবে এ মেলা। জেলা প্রশাসক শামীম হাসানের সভাপতিত্বে অনুষ্ঠিত বৃক্ষ মেলার আলোচনা সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর পুলিশ সুপার মো: রাফিউল আলম, মেহেরপুর কৃষি সম্প্রসারণ উপপরিচালক শঙ্কর কুমার মজুমদার, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইটি) আব্দুল কাদিরেরর সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন কুষ্টিয়া বিভাগীয় বন কর্মকর্তা জিএম মোহাম্মদ কবির।

এর আগে শনিবার সকালে মেহেরপুরে জেলা শিল্পকলা একাডেমী থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের অফিস চত্তরে গিয়ে শেষ হয়।

বনজ, ফলজ ঔষধি গাছ বেশিবেশি করে লাগানোর আহ্বান জানিয়ে প্রতিমন্ত্রী বলেন, মেহেরপুরের মাঠগুলো সবুজে ভরপুর। আমাদের এলাকায় জলবায়ুর বিরুপ প্রভাব সেটা আমরা অনুভব করতে পারছি। তাই আমাদের বাড়ির আঙিনায় অবস্যই একটি ফলের গাছ, ◌্একটি ওষধি গাছ ও একটি করে বনজ গাছ লাগাতে হবে।
তিনি বলেন, আমাদের শিশুরা গাছের প্রতি দূর্বল থাকে। তাই শিক্ষকদের কাছে অনুরোধ গাছ লাগানো ও গাছের উপকারিতার উপর শিশুদের বলবেন। দেখেবেন তারা গভীর মনযোগ দিয়ে শুনছেন।

মেলায় ৪১ টি স্টল বরাদ্দ দেওয়া হয়েছে। এতে জেলার বিভিন্ন এলাকার নার্সারি বাগান মালিকরা অংশ নিয়েছেন।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় আহত ১

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বাঁশবাড়িয়া নামক স্থানে দাঁড়িয়ে থাকা বালি বোঝায় ড্রাম ট্রাকের পেছনে ধাক্কা লেগে এসবি পরিবহনের একটি বাসের সামনের অংশ দুমড়ে মুচড়ে গেছে। এঘটনায় এসবি পরিবহনের সুপারভাইজার আজমল আলী (৪০) এর পা ভেঙ্গে গেছে। বর্তমানে সে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

আহত আজমল আলী গাংনী উপজেলার শুকুরকান্দি গ্রামের আব্দুল খালেকের ছেলে ও এসবি পরিবহনের সুপারভাইজার।

আজ শুক্রবার (২৮ জুলাই) ভোর সাড়ে ৪টার দিকে গাংনী উপজেলায় বাঁশবাড়িয়া বাজারে এই ঘটনা ঘটে। বাসের যাত্রীরা জানিয়েছেন, বাসের চালক ঘুম ঘুম চোখে গাড়ি চালানোর ফলেই এই দূর্ঘটনাটি ঘটেছে।

প্রত্যক্ষদর্শি বাঁশবাড়িয়া গ্রামের মুনসুর আলী জানান, ফজরের নামাজ পড়ার জন্য বাড়ি থেকে বের হচ্ছিলাম। এসময় একটি বিকট শব্দ হয়। শব্দ শুনে বের হয়ে দেখি এসবি গাড়ি ট্র্যাকের সাথে ধাক্কা লেগে বাসের সামনের অংশ ভেঙ্গে গেছে। বাসের ভিতরে লোকজন চিৎকার করেছে। পরে পাড়ার লোকজন এসে সুপারভাইজার কে গাড়ির ভিতর থেকে বের করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিয়ে যায়। সেখানে প্রাথমিক চিকিৎসা প্রদান করে। রোগীর অবস্থা অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক রোগীকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

৫০ টি চাঁদাবাজি মামলা করার হুমকির কল রেকর্ড

২৪ জুলাই দুপুর আড়াইটার দিকে মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিনকে মোবাইলে ফোন করে ৫০টি চাঁদাবাজি মামলা করার হুমকি দিলেন মেহেরপুর পৌরসভার সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতু। কিন্তু দিন না যেতেই ওই রাতেই মেহেরপুর সদর থানা মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দুর বিরুদ্ধে মিথ্যা চাঁদাবাজির অভিযোগ করলেন তার ক্লিনিক ম্যানেজারকে দিয়ে। অভিযোগে তিনি জানান, মাহাবুব চান্দু ২৪ জুলাই দুপুর সাড়ে ১২টার দিকে তার মায়ের হাসি ক্লিনিকে গিয়ে চাঁদা দাবি করেছেন।

প্রকৃত সত্য হলো, মাহাবুব চান্দু ও মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন দুজনেই গিয়েছিলেন মেহেরপুর মা ও শিশু হাসপাতাল (মেটার্নিটি) ও পরিবার পরিকল্পনা বিভাগের ডিডির কার্যালয়ে। কারণ মা ও শিশু হাসপাতালে চাকরি করেন মোতাচ্ছিম বিল্লাহ মতুর মেয়ে ডা. রুমানা হেলালী জুসি। তিনি গত মে মাস থেকে মাতৃকালীন ছুটিতে আছেন। কিন্তু অভিযোগ রয়েছে, তিনি ছুটিতে থাকলেও মায়ের হাসি ক্লিনিকে নিয়মিত সিজারিয়ান অপারেশন করছেন এ ব্যাপারে অনুসন্ধান করতে এবং তার উর্দ্ধতন কর্তৃপক্ষের বক্তব্য নিতে। মাহাবুব চান্দুর ওই যাওয়াকে কেন্দ্র করে যাতে সংবাদ প্রকাশ করা না হয় সেকারণে তিনি সম্পাদককে চাঁদাবাজি মামলার হুমকি দেন এবং রাতে থানায় মাহাবুব চান্দুর বিরুদ্ধে মিথ্যা অভিযোগ করেন। পরদিন ২৫ জুলাই মঙ্গলবার সন্ধ্যায় আমাদের অর্থনীতির সাংবাদিক মাসুদ রানা ও জবাবদিহীর সাংবাদিক এ সিদ্দিকী শাহিন মায়ের হাসি ক্লিনিকের ফটকের সামনে ছবি তুলতে গেলে মালিক মোতাচ্ছিম বিল্লাহ মতু ও তার ছেলে মুত্তাকী বিল্লাহ শাফিন শাহিনের মোবাইল ছিনিয়ে নেয় এবং তাদের দুজনকে লাঞ্ছিত করে। অপরদিকে, ছায়াতদন্তে অভিযোগের সত্যতা না পেয়ে থানা সে অভিযোগ আমলে নেয়নি বলে সদর থানার ওসি সাইফুল ইসলাম মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাংবাদিকদের নিশ্চিত করেছেন।
উল্লেখ্য, মাহাবুব চান্দু কোনদিনই তার মায়ের হাসি ক্লিনিকে যাননি।

এদিকে মেহেরপুর প্রতিদিন সম্পাদক নিজের ও তার স্টাফদের নিরাপত্তার স্বার্থে গত বুধবার সন্ধ্যায় সদর থানায় একটি জিডি

করেন।

মেহেরপুর প্রতিদিনের সম্পাদককে মোবাইল আলাপন ও হুমকি দেওয়ার অডিওটি শুনলে পাঠকরা পরিস্কার হবেন।

বিস্তারিত শুনুন নিচের লিংকে: